শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১১০.১৯-~~১১০~~ ৫৭০

তারিখঃ ১৯ কার্তিক ১৪২৬ ব.
০৪ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৯৭৬৭/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৯৭৬৭/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৯৭৬৭/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ৯৭৬৭/২০১৯ | জনাব মো: রফিকুল ইসলাম, সহকারী মৌলভী, সুপার (ভারপ্রাপ্ত), সুর্যনগর গগলাজানি দাখিল মাদ্রাসা মাদ্রাসা, উপজেলা-নালিতাবাড়ি, জেলা-শেরপুর। | সচিব, শিক্ষা মন্ত্রণালয়, রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, শেরপুর ও আরো অন্যান্যসহ মোট ০৭ (সাত) জন। | শেরপুর জেলার নালিতাবাড়ি উপজেলাধীন সূর্যনগর গাগলাজানি দাখিল মাদ্রাসা'র সুপার. না থাকায় শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী সহ-সুপার (রেসপনডেন্ট নং-৭) এর কাছে প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব বুঝিয়ে দেয়ার জন্য ভারপ্রাপ্ত সুপারের দায়িত্বে থাকা উক্ত প্রতিষ্ঠানের সহকারী মৌলভী জনাব মো: রফিকুল ইসলাম -কে নির্দেশনা প্রদান করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নালিতাবাড়ি, শেরপুর হতে ১২/৫/২০১৯ তারিখে ০৫.৪৫.৮৯৭০.০০১.০২৬.০০১.১৮-৪৩১(১) সংখ্যক স্মারকে অফিস আদেশ জারি করা হয়।<br>উক্ত স্মারকের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে পিটিশনার জনাব মো: রফিকুল ইসলাম কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৯৭৬৭/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ১১/০৯/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে বর্ণিত প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব বুঝিয়ে দেয়ার নির্দেশনা দিয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নালিতাবাড়ি, শেরপুর হতে ১২/৫/২০১৯ তারিখে ৪৩১ সংখ্যক স্মারকে (Annexure-F মূলে) জারীকৃত পত্রের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবেনা; সে মর্মে ০৯/১০/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়। একই সাথে বর্ণিত মাদ্রাসার সুপারের দায়িত্ব বিষয়ে আদেশপ্রাপ্তির পর ৩ (তিন) মাস পর্যন্ত স্থিতাবস্থা বজায় রাখার জন্য উভয় পক্ষকে নির্দেশনা দিয়ে এক অন্তবর্তী আদেশ প্রদান করা হয়।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৯৭৬৭/২০১৯ মামালার ১১/০৯/২০১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ১৭/১১/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

০৪/১১/১৯
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা-নালিতাবাড়ি
জেলা-শেরপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা।
৩। জেলা প্রশাসক, শেরপুর।
৪। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। অফিস কপি/মাস্টার কপি।